সুইডেনে পবিত্র কোরআন অবমাননাকারীর শাস্তির দাবীতে গাংনীতে বিক্ষোভ

সুইডেনের রাজধানী স্টকহোমে তুর্কী দুতাবাসের সামনে দানেশ উগ্রপন্থী নেতা রাজমুস ফালুদার নেতৃত্বে পবিত্র কোরআন শরীফ অবমাননা করায় সারা বিশ্ব মুসলিম প্রতিবাদী হয়ে বিক্ষোভে নেমেছে। গাংনী শহরসহ গ্রামে গ্রামে রাস্তায় রাস্তায় বিক্ষোভ করেছেন মুসলমানরা।

শুক্রবার দুপুরে জুম্মা নামাজ শেষে বিক্ষোভ করে গাংনীর ভাটপড়া,নওপাড়া, ভিটাপাড়া,কালিগাংনীসহ বিভিন্ন গ্রামে বিক্ষোভ সমাবেশ করা হয়েছে।

সুইডেনের পন্য বর্জন,সুইডেন সরকারকে প্রকাশ্যে ক্ষমা পার্থনা ও পবিত্র কোরআন অবমাননাকাী রাজমুস ফালুদার মৃত্যুদন্ড দাবী করেছে বিক্ষোভকারীরা।

এলাকাবাসী আয়োজিত প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, নওপাড়া জামে মসজিদের ইমাম জাহিদুল ইসলাম আল হাবিবি,নওপাড়া মাঠপাড়া জামে মসজিদের ইমাম হাফেজ মাওঃ মোঃ খালেদ সাইফুল্লাহ,ষোলমারী জামে মসজিদের ইমাম হাফেজ মাওঃ হাসানুজ্জামান সিদ্দিকী,ভাটপড়া জামে মসজিদের ইমাম ক্বরি মোঃ তৌফিক ই এলাহী ও কালীগাংনী জামে মসজিদের ইমাম আবু দারদা।

দুপুরে ভাটপাড়া ফুটবলমাঠ থেকে একটি প্রতিবাদ মিছিল বের হয়ে বিভিন্ন গ্রাম প্রদক্ষিণ শেষে নওপাড়া বাজারে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। এসময় সার্বিক সহযোগীতা করেন পল্লী চিকিৎসক মোঃ রবিউল ইসলাম, ইয়ারুল ইসলাম,মিরাজুল ইসলাম মিলন।

এদিকে শুক্রবার দুপুরে গাংনী বাজার রেজাউল চত্বরে বিক্ষোভ সমাবেশ,মানববন্ধন ও মিছিল করেছেন উপজেলা ইমাম সমিতি। বাংলাদেশ থেকে সুইডেনের সকল পণ্য অপসারণ,ব্যবহার নিষিদ্ধ করার দাবীসহ পবিত্র কোরআন অবমাননাকারীর মৃত্যদন্ড ও সুইডেন সরকারকে প্রকাশ্যে ক্ষমা চাওয়ার দাবী জানানো হয়।

উল্লেখ: গত শনিবার সুইডেনের রাজধানী স্টকহোমে তুর্কী দুতাবাসের সামনে দানেশ উগ্রপন্থী নেতা রাজমুস ফালুদার নেতৃত্বে পবিত্র কোরআন শরীফ অবমাননার ঘটনা ঘটে। এঘটনার পর থেকে বিশ্ব মুসলিম প্রতিবাদে ফেটে পড়ে। সে থেকে সুইডেন সরকারকারের বিরুদ্ধে নড়েচড়ে বসেছে সারা বিশ্বের মুসলিম।

শর্তে ক্ষমা পেলেন গাংনীর ষোলটাকা ইউপি চেয়ারম্যান পাশা

দলীয় সংগঠনের স্বার্থ পরিপন্থী কার্যক্রম সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গ না করার শর্তে ক্ষমা পেলেন মেহেরপুরের গাংনীর ষোলটাকা ইউপি চেয়ারম্যান ও ষোলটাকা ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি আনোয়ার হোসেন পাশা।

আজ বৃহস্পতিবার (২৬ জানুয়ারি) বাংলাদেশ আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের স্বাক্ষরিত পত্রে তাকে ক্ষমা প্রদর্শনের বিষয়টি নিশ্চিত করা হয়।

গত স্থানীয় ইউনিয়ন পরিষদ নির্বাচনের সময় আওয়ামীলীগের দলীয় প্রার্থীকে সমর্থন না জানিয়ে স্বতন্ত্র প্রার্থী হিসেবে আনোয়ার হোসেন পাশা নির্বাচনে অংশ নেন এবং বিপুল ভোটে জয়লাভ করেন। স্থানীয় আওয়ামীলীগের সু-পারিশে তাকে দল থেকে বহিষ্কার করা হয়।

এমতাবস্থায় গত ১৭ ডিসেম্বর ২২ইং তারিখে গণভবনে অনুষ্ঠিত আওয়ামীলীগের জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ি সংগঠনের গঠনতন্ত্রের ১৭(৬) এবং ৪৭(২) ধারা মোতাবেক দলের কার্যনির্বাহী সংসদের নিকট ক্ষমা প্রার্থনার আবেদন করেন আনোয়ার হোসেন পাশা। বিষয়টি পর্যালোচনা শেষে দলীয় সংগঠনের স্বার্থ পরিপন্থী কার্যক্রম সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গ না করার শর্তে ক্ষমা প্রদর্শন করা হয়।

[redacted]

[redacted]

কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাবেক ত্রান ও সমাজকল্যান সম্পাদক মো: মিজানুর রহমান রানা বলেন,তার অব্যাহতির আদেশ প্রত্যাহার হওয়ায় তিনি সহ তার কর্মী সমর্থকরা খুশি।
অব্যাহতির আদেশ প্রত্যাহার হওয়ায় মো: মিজানুর রহমান রানাকে আওয়ামীলীগের কমিটিতে গুরুত্বপূর্ন পদ দেওয়ার দাবি করেছে আওয়ামীলীগের নেতাকর্মীরা।

আওয়ামীলীগ সভানেত্রী ও মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি বলেন,কাথুলী ইউনিয়নের জনগনের ভালোবাসা আর সমর্থন নিয়ে পরপর তিনবার চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। এর মধ্যে গতবার আওয়মীলীগের মনোনয়ন পেয়ে চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন কিন্তু এবার কুচক্রী মহলের মিথ্যা প্ররোচনার কারনে এবার দলীয় মনোনয়ন থেকে বঞ্চিত হয়। কিন্তু আওয়ামীলীগ নেতাকর্মীদের পাশে দাঁড়াতে তাদের আবদার রক্ষা ও জনগনের চাপে পড়ে নির্বাচন করতে বাধ্য হয়েছেন। সদ্য নির্বাচনে প্রায় ২ হাজার ভোট বেশি পেয়ে বিজয়ী হয়েছেন। এই বিজয় সহ প্রতিটা বিজয় আওয়ামীলীগ ও কাথুলী ইউনিয়নের আমার প্রান প্রিয় জনগনকে উৎস্বর্গ করেছি। নির্দল নির্বাচন করলেও আওয়ামীলীগ ও বঙ্গবন্ধুর আদর্শ ধরে রেখে জনগনের সেবা করে চলেছি।

মো: মিজানুর রহমান রানা মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রান ও সমাজকল্যান সম্পাদকের পাশাপাশি কাথুলী ইউনিয়ন পরিষদের পরপর তিন বারের নির্বাচিত হয়ে চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন। এছাড়া দীর্ঘ ১২ বছরেরও বেশি সময় মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের সাধারন সম্পাদক,কুতুবপুর স্কুল এন্ড কলেজ,ধলা মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি সহ বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে জড়িত রয়েছেন।

গাংনীতে পিকেএসএফ এর কম্বল বিতরণ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর উদ্যোগে দারিদ্র

গাংনীতে ভোক্তা অধিকার অভিযানে দুটি প্রতিষ্ঠানকে জরিমানা

মেহেরপুরের গাংনীতে দুটি প্রতিষ্ঠানকে ৩৫ হাজার টাকা জরিমানা করেছে চুয়াডাঙ্গার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার দুপুরে গাংনী মেসার্স সবুজ মেডিসিন কর্নার ও মেসার্স বজলু স্টোরে এ জরিমানা করা হয়।

ভোক্তা অধিদপ্তরের উপ-পরিচালক সজল আহমেদ জানান, মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিপনন ও সংরক্ষণের দায়ে মেসার্স সবুজ মেডিসিন কর্নার ৩০ হাজার টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখার অপরাধে মেসার্স বজলু স্টোরকে পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়। ২০০৯সালের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৫১ ধারায় এসকল প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে বলে জানান এই কর্মকর্তা।

এসময় উপস্থিত ছিলেন, জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) তারিকুল ইসলাম, গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মশিউর রহমান। সহযোগিতায় ছিলেন র্যাব-১২ একটি টিম।

গাংনীতে ককটেল দিয়ে অন্যকে ফাঁসাতে গিয়ে গ্যাড়াকলে দুই জন

মেহেরপুরের গাংনীর কসবা গ্রামে ককটেল দিয়ে অন্যকে ফাঁসাতে গিয়ে পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছে জিয়ারুল (৩৮) ও জহির উদ্দীন (৫৮) নামের দুই জন।

সোমবার রাত সাড়ে ১২টার দিকে দুটি ককটেল ও ককটেল তৈরীর সরঞ্জামাদিসহ তাদেরকে গ্রেপ্তার করে গাংনী থানা পুলিশ। আজ মঙ্গলবার সকালে দুজনকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গভীর রাতে গাংনীর কসবা গ্রামের গোলাম রসুল নামের এক ব্যক্তির বাড়ির পেছনে খড়ের গাদায় ককটেল আছে এমন সংবাদ দেয় মুসাদ আলীর ছেলে জিয়ারুল ও জারমান আলীর ছেলে জহির উদ্দীন।

সংবাদ পেয়ে এসআই রাজ্জাক ও সঙ্গীয় ফোর্স ঘটনাস্থলে গেলে সংবাদদাতা জিয়ারুল ও জহির দুজনেই ওই ককটেল বের করে দেয়। এতে সন্দেহ হলে পুলিশ তাদের জিজ্ঞাসাবাদ করে। এক পর্যায়ে পুর্ব শত্রুতার জের ধরে তারা ককটেল রেখে গোলাম রসুলকে ফাঁসানোর চেষ্টা করেছে বলে স্বীকার করে। পরে পুলিশ ওই দুজনকে গ্রেপ্তার করে।

তাদের বিরুদ্ধে বিষ্ফোরক আইনে মামলাসহ মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে ।

গাংনীর কাথুলী ইউনিয়নে প্রধানমন্ত্রী প্রেরিত শীতবস্ত্র বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়নে অসহায় ও দুস্থ মানুষের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ত্রাণ তহবিল থেকে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ সোমবার কাথুলী ইউনিয়নের ধলা মাধ্যমিক বিদ্যালয় খেলার মাঠে শীত বস্ত্র বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শাহিদুজ্জামান খোকন এমপি।

এছাড়াও উপস্থিত ছিলেন ১নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, ১ নং কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলজার হোসেন,সাধারণ সম্পাদক মোজাম্মেল হক ১ নং কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন, সহ এক নম্বর কাথুলী ইউনিয়ন আওয়ামলীগের

সকল সভাপতি এবং সেক্রেটারিবৃন্দ। উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়নের সকল ইউপি সদস্য বৃন্দ।

এসময় মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন প্রধান মন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরে অসহায় দুস্ত মানুষের মাঝে ৬০০ টি কম্বল বিতরণ করেন।

গাংনীতে প্রধানমন্ত্রী প্রেরিত শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনীতে দুস্থ শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে । সোমবার বেলা ১১টার দিকে গাংনীর হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠে ৫ শতাধিক শীতার্তকে একটি করে কম্বল বিতরণ করেন মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

প্রধানমন্ত্রীর ত্রাণ তহহবিল থেকে প্রেরিত এসকল শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান, সাবেক ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু ও গাংনী পৌরসভার কাউন্সিলর মোতালেব হোসেন, জনপ্রতিনিধি ও স্থানীয় আওয়ামীলীগ নেতাকর্মীবৃন্দ।

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে আন্তঃস্কুল পুরস্কার

বিতরণ অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলার কুতুবপুর স্কুল এন্ড কলেজে শেখ কামাল আন্তঃস্কুল ও মাদ্রাসা অ্যাটলেটিক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ করা হয়েছে।

আজ সোমবার দিনব্যাপি খেলাধুলা শেষে বিকেল ৩টার সময় পুরুস্কার বিতরণ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহাম্মদ মিজানুর রহমান রানা সভাপতি কুতুবপুর স্কুল এন্ড কলেজ ও চেয়ারম্যান ১ নং ইউনিয়ন পরিষদ সভাপতিত্ব করেন মোঃ হাফিজুল ইসলাম অধ্যক্ষ ভারপ্রাপ্ত কুতুবপুর স্কুল এন্ড কলেজ।

এ সময় উপস্থিত ছিলেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন,গাড়াবাড়ীয়া নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক সহ কুতুবপুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য ও ২ নং ওয়ার্ডের মেম্বর জিনারুল ইসলাম, কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, সহকারী শিক্ষক, আক্তারুজ্জামান লাভলু, জয়নাল আবেদীন প্রমুখ।

শেখ কামাল আন্ত স্কুল ও মাদ্রাসা অ্যাথলেটিক প্রতিযোগিতা খেলায় কাথুলী ইউনিয়নের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা অংশ গ্রহন করেন। খেলা সহ দেশত্ববোধক গানের সাথে নিত্য করেন স্কুলের ছাত্রীরা।

গাংনীতে ট্রলি প্রতিযোগিতা নিয়ে সৃষ্ট সংঘর্ষে আহত ১০

মেহেরপুর গাংনীর সাহারবাটি গ্রামে পাওয়ার ট্রলি প্রতিযোগিতা নিয়ে সৃষ্ট দুপক্ষের সংঘর্ষে ১০ জন আহত হওয়ার খবর পাওয়া গেছে।

এদের মধ্যে দুই জনকে আশংকাজনক অবস্থায় কুষ্টিয়ায় রেফার করা হয়েছে।

শনিবার বিকেলে সাহারবাটি মাঠে এ সংঘর্ষের ঘটনা ঘটে। আহতদের মধ্যে গাংনী হাসপাতালে প্রাথমিক চিকিৎসা নিয়েছে ।

আহতরা হলেন – ধর্মচাকী গ্রামের আরোজ উল্লাহর ছেলে রহমতুল্লাহ(২০), মৃত সাবদুলের ছেলে জহুরুল ইসলাম (৫৫), জহুরুল ইসলামের দুই ছেলে তৌহিদুল ইসলাম (২৩), সাইদুল ইসরাম (২৫), একই গ্রামের আব্দুল জলিলের ছেলে আরিফ হোসেন (৩০), বুলু মিয়ার ছেলে জাহিদ হোসেন (২৬), মাজহারুল ইসলামের ছেলে বুলু মিয়া (৪৫)। এদের মধ্যে জহুরুল ইসলামের দুই ছেলেকে আশংকাজনক অবস্থায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেছেন গাংনী হাসপাতালের চিকিৎসকরা।

হাসপাতালে চিকিৎসা নিতে আসা কয়েকজন আহত ব্যক্তি জানান, সাহারবাটি গ্রামের বালির মাঠে পাওয়ার ট্রিলার ট্রলি প্রতিযোগিতার আয়োজন করে সাহারবাটি গ্রামবাসী। এ প্রতিযোগিতায় বিভিন্ন এলাকার ৬৪ জন কৃষকরা অংশ গ্রহণ করেন। ব্যতিক্রমী এ প্রতিযোগিতায় হাজার হাজার দর্শক উপস্থিত হয়। কার পাওয়ার ট্রিলারের কত শক্তি তা পরীক্ষার মধ্য দিয়ে উল্লাসে ফেটে পড়েন দর্শকরা। প্রতিযোগিতার শেষের দিকে কমিটির লোকজনের সাথে ধর্মচাকী ও হিজলবাড়ীয়া গ্রামের প্রতিযোগিদের বিতর্ক শুরু হয়। কমিটির কর্মকাণ্ড বিতর্কিত আখ্যা দিয়ে মাঠ ত্যাগ করে চলে যাওয়ার সিদ্ধান্ত নেয় ধর্মচাকী গ্রামের প্রতিযোগিতারা। আর এতেই শুরু হয় উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ। এতে আহত হন ওই ১০ জন।

এদিকে বিপুল সংখ্যক মানুষের মানুষের মধ্যে এমন সংঘর্ষে দ্বিগবিদিক ছুটতে থাকেন উৎসুক মানুষ। মঞ্চে উপস্থিত জন প্রতিনিধিরাও বিষ্মিত হয়ে পড়েন। এক পর্যায়ে তারা সংঘর্ষ থামাতে সক্ষম হন। এর মধ্য দিয়ে প্রতিযোগিতাও স্থগিত ঘোষণা করা হয়।

প্রতিযোগিতার আয়োজন কমিটির সদস্য স্থানীয় আব্বাস আলী মেম্বার জানান,আমাদের কারো সাথে সংঘর্ষ বা মারামারি হয়নি । প্রতিযোগিতা শেষে বাড়ি ফেরার সময় রাস্তার মধ্যে কে বা কারা হট্টগোল শুরু করলে আমরা যে বিষয়টি নিয়ন্ত্রণে আনি। পরে সকলে বাড়ি ফিরে যাই। স্থগিত হওয়া খেলাটি পুনরায় হবে বলে জানান তিনি।

গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক জনান, এমন বিষয়ে শুনে